দৈনিক ইত্তেফাক

তারিখ 28 MAY 1993
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ১ ...

# শিক্ষা প্রসারে সরকার বদ্ধ পরিকর

## অধ্যক্ষ ইউনুস

'গ্রামের গরীব কৃষক তথা বৃহত্তর জনগোষ্ঠীর মধ্যে শিক্ষার প্রসার ঘটানোর জন্য বর্তমান সরকার বদ্ধপরিকর।' বিএনপি কেন্দ্রীয় সংসদের ভাইস চেয়ারম্যান শিক্ষা প্রতিমন্ত্রী অধ্যক্ষ মোঃ ইউনুস খান গতকাল খুলনার দৌলতপুর দিবা-নিশি কলেজে কলেজ ছাত্র সংসদ অভিষেক '৯৩তে প্রধান অতিথি হিসাবে ভাষণদানকালে একথা বলেন। তিনি বলেন, ছাত্র-ছাত্রীর শুধু পড়াশুনার মধ্যেই নিজেদেরকে জড়াইয়া রাখিলে চলিবে না। পাশাপাশি দেশপ্রেমিক হিসাবে জাতী গঠনে ভূমিকা পালন করিতে হইবে। প্রতিমন্ত্রী শিক্ষার মান উন্নয়নের উপর গুরুত্ব আরোপ করিয়া বিজ্ঞান ও প্রযুক্তির প্রয়োজনীয়তার কথা উল্লেখ করেন। তিনি বলেন, দিন বদলের পালা শুরু হইয়াছে। তাই আমাদেরকে উন্নয়নের স্বার্থে গ্রামের দিকে দৃষ্টি দিতে হইবে। অধ্যক্ষ এস এম সাইদ হোসেনের সভাপতিত্বে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন কাজী সেকান্দার হোসেন ডালিম, শাজাহান সম্রাট, ভিপি মোঃ সালাউদ্দীন, জিএস হারুন-অর-রশিদ প্রমুখ। —প্রেস বিজ্ঞপ্তি